

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd




নং-৩৪.০০.০০০০.০৪১.১৮.০২৮.২০.৭৩২

তারিখ: ১৪ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
২৮ জুন ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অভিযোগ প্রতিকার ব্যবস্থাকে শক্তিশালী করণের নিমিত্ত সেবা গ্রহীতাদের অবহিতকরণের লক্ষ্যে ২৭/০৬/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত ভারুয়াল সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অভিযোগ প্রতিকার ব্যবস্থাকে শক্তিশালী করণের নিমিত্ত সেবা গ্রহীতাদের অবহিতকরণের লক্ষ্যে গত ২৭/০৬/২০২১ খ্রি. তারিখে এ মন্ত্রণালয়ের উপসচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে এক ভারুয়াল সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা।


(দীপ্তিময়ী জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৫৫০৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৩. মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৪. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৫. সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৬. সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৭. মহাপরিচালক, বিকেএসপি, সাভার, ঢাকা।
৮. যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. উপসচিব, অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সিনিয়র সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৪. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সহকারী প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

প্রশাসন-০১ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

www.moysports.gov.bd



যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অভিযোগ প্রতিকার ব্যবস্থাকে শক্তিশালী করণের নিমিত্ত সেবাগ্রহীতাদের/ অভিযোগকারীদের অবহিতকরণের লক্ষ্যে ২৭/০৬/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত ভার্চুয়াল সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ফজলে এলাহী
উপসচিব (প্রশাসন), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
তারিখ : ২৭ জুন ২০২১ খ্রি.
সময় : বেলা ১২:০০ টা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)।

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করার জন্য সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-০১)-কে অনুরোধ জানান। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-০১) প্রারম্ভিক বক্তব্য উপস্থাপন করেন এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) বিষয়ে সেবাগ্রহীতাদের/অভিযোগকারীদের অবহিতকরণের উপর গুরুত্বারোপ করেন। সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতির আলোকে সেবা গ্রহীতা প্রাপ্য সেবা থেকে বঞ্চিত হলে অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাধ্যমে দ্রুততম সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তির জন্য নির্দেশনা প্রদান করেন।

০২। যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- (ক) মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ প্রতিকার ব্যবস্থার আলোকে অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা এবং আপীল কর্মকর্তা প্রাপ্ত অভিযোগসমূহ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি নিশ্চিত করবেন।
- (খ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার প্রতিটি অফিসে দৃশ্যমান স্থানে অভিযোগ বক্স স্থাপন করতে হবে।
- (গ) দপ্তর/সংস্থার প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা সেবাগ্রহীতা এবং সেবাদাতার শুনানী গ্রহণপূর্বক প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তির লক্ষ্যে ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।

০৩। পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৬/২০২১

(মোঃ ফজলে এলাহী)

উপসচিব (প্রশাসন)

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।